



বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন
টিসিবি ভবন (৪র্থ তলা) ১, কারওয়ান বাজার, ঢাকা-১২১৫
ওয়েবসাইট: www.berc.org.bd

নং-২৮.০১.০০০০.০১২.০৪.০০৩.২০.৬৫০

তারিখ: ১৪ ফাল্গুন ১৪২৬ বঙ্গাব্দ
২৭ ফেব্রুয়ারি ২০২০ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ এর ধারা ২২(খ) ও ৩৪ এ প্রদত্ত ক্ষমতাবলে বিদ্যুতের একক ক্রেতা হিসেবে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড কর্তৃক বিভিন্ন বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানী-কে সরবরাহকৃত বিদ্যুতের পাইকারি (বান্ধ) মূল্যহার নিম্নলিখিতভাবে পুনঃনির্ধারণ করা হলো:


পাইকারি (বান্ধ) বিদ্যুৎ মূল্যহার, ২০২০

বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানীসমূহ	পাইকারি (বান্ধ) বিদ্যুৎ মূল্যহার (টাকা/কি.ও.ঘ.)	
বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড এর বিতরণ অঞ্চলসমূহ		
১	২৩০ কেভি	৫.৮২০০
	১৩২ কেভি	৫.৮৪৯৫
	৩৩ কেভি	৫.৯০৮৮
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড এর পল্লী বিদ্যুৎ সমিতিসমূহ		
২	১৩২ কেভি	৪.৩২৩৮
	৩৩ কেভি	৪.৩৬৭৯
ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড		
৩	১৩২ কেভি	৬.৩৮৮২
	৩৩ কেভি	৬.৪৫৩১
ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানী লিমিটেড		
৪	১৩২ কেভি	৬.৩৮৭৪
	৩৩ কেভি	৬.৪৫২৩
ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড		
৫	১৩২ কেভি	৫.৩২২৭
	৩৩ কেভি	৫.৩৭৭১
নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই কোম্পানি লিমিটেড		
৬	১৩২ কেভি	৫.০০৩৩
	৩৩ কেভি	৫.০৫৪৪

২। শর্তাবলী:

- (ক) বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানীসমূহের ২৩০, ১৩২ ও ৩৩ কেভি বিদ্যুৎ সরবরাহ পয়েন্টে মাসিক গড় পাওয়ার ফ্যাক্টর (পিএফ) ০.৯০ এর কম রেকর্ড হলে নিম্নলিখিত হারে সারচার্জ প্রযোজ্য হবে:
- (১) বিদ্যুৎ সরবরাহ পয়েন্টে মাসিক গড় পিএফ ০.৯০ এর অব্যবহিত নিম্ন থেকে পিএফ ০.৮৮ পর্যন্ত প্রতি ০.০১ পিএফ কমের জন্য এনার্জি চার্জের ০.৫০% (শূণ্য দশমিক পাঁচ শূণ্য শতাংশ) হারে সারচার্জ প্রযোজ্য হবে।
- (২) বিদ্যুৎ সরবরাহ পয়েন্টে মাসিক গড় পিএফ ০.৮৮ এর অব্যবহিত নিম্ন থেকে পিএফ ০.৮০ পর্যন্ত প্রতি ০.০১ পিএফ কমের জন্য এনার্জি চার্জের ১.০০% (এক শতাংশ) হারে সারচার্জ প্রযোজ্য হবে।
- (৩) বিদ্যুৎ সরবরাহ পয়েন্টে মাসিক গড় পিএফ ০.৮০ এর অব্যবহিত নিম্ন থেকে পিএফ ০.৭৫ পর্যন্ত প্রতি ০.০১ পিএফ কমের জন্য এনার্জি চার্জের ১.৫০% (এক দশমিক পাঁচ শূণ্য শতাংশ) হারে সারচার্জ প্রযোজ্য হবে।
- (খ) বিলম্বে বিদ্যুৎ বিল পরিশোধে সকল বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানীর ক্ষেত্রে বিলম্ব-পরিশোধ মাশুল মাসে ১% (এক শতাংশ) সরল হারে অপরিবর্তিত থাকবে।
- (গ) রেয়াতি সুবিধা বন্টনের লক্ষ্যে পল্লী বিদ্যুৎ সমিতিসমূহের আর্থিক, ভৌগোলিক ও অন্যান্য পরিপ্রেক্ষিত বিবেচনা করে কমিশন কর্তৃক অনুসৃত পদ্ধতিতে পল্লী বিদ্যুৎ সমিতিসমূহকে ব্রেক-ইভেনে (না লাভ-না ক্ষতি) পরিচালনার নিমিত্ত বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড পল্লী বিদ্যুৎ সমিতিসমূহের নীট রাজস্ব চাহিদা নিরূপণপূর্বক প্রত্যেক পল্লী বিদ্যুৎ সমিতি এর ভিন্ন ভিন্ন মূল্যহার স্থির করবে। অর্থবছর শেষে প্রকৃত তথ্যের ভিত্তিতে পল্লী বিদ্যুৎ সমিতি এর আর্থিক অবস্থা বিবেচনায় উক্ত মূল্যহার পুনঃস্থির (refix) করা যাবে।
- ৩। পুনঃনির্ধারিত পাইকারি (বান্ধ) বিদ্যুৎ মূল্যহার বিল মাস মার্চ ২০২০ থেকে কার্যকর হবে।
- ৪। পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত জারীকৃত এ আদেশ বলবৎ থাকবে।

কমিশনের আদেশক্রমে,

 ২৭.২.২০২০

মোঃ রফিকুল ইসলাম
সচিব

ফোন: ০২-৯১৪০১২৫